যুব বার্তা

ত্রৈমাসিক সংবাদ সাময়িকী

যুব উন্নয়ন অধিদপ্তর

মার্চ - জুন ২০১৪ ২৮তম সংখ্যা

সিলেট বিভাগীয় যুবমেলা ও যুব সমাবেশ-২০১৪

অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত তিনদিন ব্যাপী সিলেট বিভাগীয় যুবমেলার প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন।

২১ মে বিকেল সাড়ে ৫টায় শ্রীহট্ট সংস্কৃত কলেজ প্রাঙ্গনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত তিনদিন ব্যাপী সিলেট বিভাগীয় যুবমেলার প্রধান অতিথি হিসেবে ফিতা কেটে অনুষ্ঠানটির উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমিশনার, সিলেট বিভাগ সাজ্জাদুল হাসান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, সংসদ সদস্য ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এডভোকেট আমাতুল কিবরিয়া কেয়া চৌধুরী। আরও উপস্থিত ছিলেন সাবেক এম.পি. সৈয়দা জেবুন্নেসা হক, সিলেট জেলা পরিষদের প্রশাসক আব্দুজ জহির চৌধুরী সুফিয়ান, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আশফাক আহমদ, আওয়ামীলীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এডভোকেট মিছবাহ উদ্দিন সিরাজ ও সিলেটের জেলা প্রশাসক মোঃ শহিদুল ইসলাম।

স্বাগতঃ বক্তব্য রাখেন উপপরিচালক মোহাম্মদ আমির আজম খান। তিনি বক্তব্যে সিলেট জেলার যুব কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি আশা প্রকাশ করেন যে, সিলেটে যুব কাযক্রমে গতিশীলতা আনয়নের জন্য আগত অতিথিবৃন্দের নিকট হতে অদূর ভবিষ্যতে আরও অধিকতর সহযোগিতা পাওয়া যাবে যা সিলেটের যুব কার্যক্রমে আরও গতিশীলতা আনায়ন করবে।

অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত তাঁর বক্তব্যে বলেন "বাংলাদেশ যুবদের দেশ"। যে দেশের ৩২ শতাংশ যুব, সেই দেশের ভবিষ্যৎ যুবদের হাতে। যুবদের হাতে নির্ভর করছে দেশ ও সভ্যতার ভবিষ্যৎ। প্রশিক্ষিত জনবল তৈরীর লক্ষ্যে শেখ হাসিনার সরকার কাজ করছে জানিয়ে অর্থমন্ত্রী বলেন উৎপাদনমুখী কর্মকাণ্ডে যুবদের সম্পৃক্ততা আরো বাড়াতে হবে। যুবদের পিছিয়ে পড়ার সুযোগ নেই। তিনি আরও বলেন মানুষ সৃষ্টির সেরা জীব। একমাত্র মানুষই সকল কিছুর জ্ঞান রাখে। সভ্যতার স্বার্থে মানুষকে গোষ্ঠীবদ্ধ হয়ে বাস করতে হয়। তাই দেশের উন্নয়নে যুবদের সংগঠিত করতে হবে। সংগঠনে একতাবদ্ধ হয়ে কাজ করতে হবে"।

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার তাঁর বক্তব্যে বলেন "পৃথিবীর কোথাও জনসংখ্যার ৩২ ভাগ যুব নেই। যুব সমাজের শক্তিকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিয়ে যেতে চাই। ন্যাশনাল সার্ভিসের মাধ্যমে প্রতিটি ঘরে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যুবদের আত্মপ্রত্যয়ী করে গড়ে তুলতে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। প্রশিক্ষণ দিয়ে যুবদের দক্ষ জনশক্তি তৈরী করে তুলতে সরকার কাজ করছে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠন করতে হলে যুবদের আত্মপ্রত্যয়ী করে গড়ে তুলতে হবে। যুবদের আত্মপ্রত্যয়ী কর্মকান্ডের মাধ্যমে সরকার ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গঠন করবে। "শেখ হাসিনার স্বনির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে উপস্থিত সকলকে শপথ পাঠ করানো হয়। তিনি বেকার যুবদের কারিগরী প্রশিক্ষণ প্রকল্পের জন্য ২০(বিশ)টি কম্পিউটার সেট প্রদানের ঘোষণা দেন।

বিশেষ অতিথির বক্তব্যে সংরক্ষিত আসনের এম.পি. এডভোকেট আমাতুল কিবরিয়া কেয়া চৌধুরী বলেন "উৎপাদনমুখী দক্ষ জনশক্তি তৈরী করাই সরকারের লক্ষ্য। যুবদের আত্মপ্রত্যয়ী প্রশিক্ষণের মাধ্যমে ক্ষুদ্র শিল্প আরো এগিয়ে যাবে। আগামী বাজেটে ক্ষুদ্র শিল্প খাতকে আরো অগ্রাধিকার দেয়া হবে। যুবদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দিতে তিনি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। সিলেট বিভাগীয় যুবমেলায় বৃহত্তর সিলেটের বিভিন্ন প্রতিষ্ঠান ও আত্মকর্মীদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প হতে প্রশিক্ষণপ্রাপ্তদের ৪০টি ষ্টল অংশ নিয়েছে। যুব মেলার শেষদিনে ১২(বার) বছরের নীচে ছেলেমেয়েদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মেলার বিশেষ আকর্ষণ ছিল প্রতিদিন সন্ধ্যার পর হতে রাত ৯ ঘটিকা পর্যন্ত মেলা প্রাঙ্গণে স্থানীয় শিল্পীদের আঞ্চলিক ও দেশাত্মবোধক গানের অনুষ্ঠান।

ভেতরের পাতা

* বিশ্ব যুব সম্মেলন ২০১৪ - যুবদের উন্নয়নে একমত পোষণ - ২ পৃঃ
* যুব কল্যাণ তহবিল থেকে ১ কোটি ৬০ লক্ষ টাকার প্রকল্পভিত্তিক অনুদান - ২ পৃঃ
* শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের উন্নয়নে কর্মপরিকল্পনা রয়েছে- যুব প্রতিমন্ত্রী - ৩ পৃঃ
* রাজশাহী জেলায় বিভাগীয় যুব মেলা, মতবিনিময় সভা ও "ক্ষুদ্রঋণ কর্মসূচি - ৩ পৃঃ
* বাস্তবায়ন ও মূল্যায়ণ শীর্ষক আঞ্চলিক কর্মশালা - ৩ পৃঃ
* "কবুতর পালন" বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন - ৩ পৃঃ
* নেত্রকোণায় ঢাকা বিভাগীয় আঞ্চলিক কর্মশালা - ৪ পৃঃ
* যুব ভবনে যুব নেতৃত্ব বিকাশ ও সংগঠন ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালা - ৪ পৃঃ
* যুব ভবনে ন্যাশনাল সার্ভিস এবং আবর্তক ক্ষুদ্র ঋণ (আত্মকর্মসংস্থান) কর্মসূচির প্রভাব মূল্যায়ণ সম্পর্কিত সেমিনার অনুষ্ঠিত - ৪ পৃঃ
* নওগাঁয় যুব প্রশিক্ষণ কেন্দ্রে সমাপনী অনুষ্ঠান - ৪ পৃঃ
* বিভিন্ন জেলায় যুব মেলা আয়োজিত - ৫ পৃঃ
* মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন) জাকির আহমেদ-এর মতবিনিময়: - ৫ পৃঃ
* জেলা পর্যায়ে আত্মকর্মী যুবসংগঠক ও প্রশিক্ষণার্থীদের সাথে যুব কর্মকাণ্ড বিষয়ক মতবিনিময় সভা - ৬ পৃঃ
* E-learning for Youth Development - ৭ পৃঃ
* বগুড়ায় গবাদিপশু হাঁসমুরগী পালন, মৎস্যচাষ প্রশিক্ষণ কোর্সের সনদপত্র বিতরণ - ৭ পৃঃ
* যুব সংগঠনের "ট্রাফিক আইন মেনে চলুন দুর্ঘটনা এড়িয়ে চলুন" শীর্ষক গৃহিত কর্মসূচি - ৭ পৃঃ
* যুব পরিবারের সফলকথা - ৮ পৃঃ
* যুব উন্নয়ন অধিদপ্তরের সঙ্গে এলডিপি'র কর্মসূচি - ৮ পৃঃ

প্রকাশনায়:

যুব উন্নয়ন অধিদপ্তর

১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ই-মেইল ঃ publication79@yahoo.com

ওয়েব সাইট ঃ www.dyd.gov.bd

বিশ্ব যুব সম্মেলন ২০১৪ - যুবদের উন্নয়নে একমত পোষণ

শ্রীলংকার প্রেসিডেন্ট মহিন্দর রাজাপাকশের সাথে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার।

৫-১০মে, ২০১৪ তারিখে শ্রীলংকার কলম্বোতে অনুষ্ঠিত হয় "World Conference on Youth-2014"। জাতিসংঘের সহায়তায় ও শ্রীলংকা সরকারের আয়োজনে এ সম্মেলনে বিশ্বের ২৯টি দেশের যুব বিষয়ক মন্ত্রীগণ এবং ১৬২ দেশ থেকে উচ্চ পর্যায়ের অফিসিয়াল ও যুব প্রতিনিধিসহ মোট ২০০০ জন অংশগ্রহণ করেন। উক্ত সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার।

সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন শ্রীলংকার প্রেসিডেন্ট মহিন্দর রাজাপাকশে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাতিসংঘের জেনারেল সেক্রেটারীর যুব বিষয়ক বিশেষ দূত মিঃ আহমেদ, আরো বক্তব্য রাখেন জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি মিঃ এশে।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে মন্ত্রীগণের সম্মিলিত ডায়ালগ অনুষ্ঠানে শ্রীলংকার যুব বিষয়ক মন্ত্রী মিঃ ডালাস আলাহাপেরুমা সভাপতিত্ব করেন। উক্ত ডায়ালগে বাংলাদেশসহ ০৬জন মন্ত্রী যুব সম্মেলনের আয়োজন ও করণীয় নিয়ে বক্তব্য প্রদান করেন।

৭ই মে অনুষ্ঠিত Main Plenary সেশনে বিভিন্ন রাষ্ট্রের মন্ত্রীবর্গ ও উচ্চ পর্যায়ের ডেলিগেটদের সামনে যুব প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার বাংলাদেশের যুব উন্নয়ন বিষয়ক তথ্য উপস্থাপন করেন।

প্রতিমন্ত্রী বর্তমান সরকারের গৃহিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বিশ্ব যুব নেতৃবৃন্দের কাছে উপস্থাপন করে প্রশংসা লাভ করেন। একই দিনে দ্বিপাক্ষিক আলোচনায় প্রতিমন্ত্রী শ্রীলংকান যুব প্রতিমন্ত্রী ও জাতিসংঘের জেনারেল সেক্রেটারীর যুব বিষয়ক এনভয় ও শ্রীলংকান যুব ও ক্রীড়া মন্ত্রীর সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেন। বৈঠক সমূহে বাংলাদেশের যুব উন্নয়নে কাজ করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং যুব উন্নয়নে বিশ্ববাসীর সাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। ০৮ মে অনুষ্ঠিত Realizing equal excess to quality education নামক গোলটেবিল বৈঠকে শ্রী বীরেন শিকদার বাংলাদেশ সরকারের প্রতিনিধিত্ব করেন ও অন্যান্য Stakeholder দের সাথে যুব উন্নয়নে বিশ্লেষনধর্মী বক্তব্য উপস্থাপন করেন। এক্ষেত্রে বাংলাদেশে বাস্তবায়নাধীন সবার জন্য শিক্ষা, মেয়েদের অবৈতনিক শিক্ষা, উপবৃত্তি প্রদান প্রকল্প এবং উপানুষ্ঠানিক শিক্ষার কথা বিশ্ব যুবদের নিকট উপস্থাপন করেন। আলোচনায় উপস্থিত যুব নেতৃবৃন্দ বাংলাদেশ সরকারের গৃহিত পদক্ষেপসমূহের প্রশংসা করেন এবং নীতি নির্ধারনী পর্যায়ে যুবদের অংশগ্রহণ নিশ্চিত করে যুব উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য বক্তব্য প্রদান করেন।

১০মে তারিখে অনুষ্ঠিত মন্ত্রীদের জন্য আয়োজিত "কলম্বো ডিক্লারেশন" সম্পর্কিত সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থেকে শ্রী বীরেন শিকদার বাংলাদেশের পক্ষ থেকে ডিক্লারেশনের সাথে একমত পোষণ করেন এবং তা বাস্তবায়নের জন্য অঙ্গীকার ব্যক্ত করেন।

সম্মেলনে মোট ০৭টি মুল বিষয় ও ৭টি ক্ষেত্রকে চিহ্নিত করে তা উন্নয়নের জন্য সকলের মতামত নিয়ে কার্যক্রম গ্রহণ করা হয়। প্রতিপাদ্য বিষয়সমূহ হলোঃ সুশাসন ও জবাবদিহিতা অর্জন করা, সকল ক্ষেত্রে যুবদের অংশগ্রহণ, যুব অধিকার, বিশ্বব্যাপি যুবদের দিয়ে উন্নয়নসাধন, সার্বিক অসমতা নিরসণ, জেন্ডার সমতাকরণ ও সমাজের প্রান্তিক যুবদেরকে ক্ষমতায়ন।

প্রতিপাদ্যের লক্ষ্য অর্জনকে সামনে রেখে সম্মেলনে ০৭টি ক্ষেত্রে কাজ করার উপর গুরুত্ব প্রদান করা হয়। ক্ষেত্রসমূহ হলো ঃ মানসম্মত শিক্ষায় সমঅংশগ্রহণের বিষয় অনুধাবন করা, ১০০% আত্মকর্মসংস্থান ও আত্মকর্মী, দারিদ্র্য বিমোচন ও খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্যকে উজ্জীবিতকরণ ও সকলের স্বাস্থ্যসেবা প্রাপ্তি, পরিবেশগত নিরাপত্তা, জরুরি প্রস্তুতি ও যুবনির্ভর নবায়ন, শান্তি স্থাপন ও যুব নির্ভর সন্ত্রাস দমন এবং বিনোদন, খেলা ও সংস্কৃতির ব্যবস্থা নিশ্চিতকরণ।

যুব কল্যাণ তহবিল থেকে ১ কোটি ৬০ লক্ষ টাকার প্রকল্পভিত্তিক অনুদান

সরকার যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব কল্যাণ তহবিল থেকে এবছর দেশের ৭৮৪টি যুব সংগঠনের মধ্যে ১ কোটি ৬০ লক্ষ টাকা প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে ৭২০টি সংগঠনকে ২০হাজার এবং জেলাভিত্তিক ৬৪টি সর্বোত্তম সংগঠনকে ২৫ হাজার টাকা করে প্রকল্পভিত্তিক অনুদান প্রদান করা হবে।

১৯ মে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এর সভাপতিত্বে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত যুব কল্যাণ তহবিল পরিচালনা বোর্ডের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সফল আত্মকর্মী যুব ও যুব সংগঠনসমূহ কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্প সাফল্যজনকভাবে বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ এবং সামাজিক ক্ষেত্রে প্রশংসনীয় অবদানের জন্য যুবদেরকে পুরস্কৃত করার উদ্দেশ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব কল্যাণ তহবিল থেকে ২০১৩-১৪ অর্থবছরে ৭৮৪টি সফল আত্মকর্মী যুব ও যুব সংগঠনকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদান করা হবে। সভায় যুব কল্যাণ তহবিলের মূলধনের পরিমাণ বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করা হয়।

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এর সভাপতিত্বে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত যুব কল্যাণ তহবিল পরিচালনা বোর্ডের সভা

সভায় যুব ও ক্রীড়া সচিব নূর মোহাম্মদসহ পরিচালনা বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের উন্নয়নে কর্মপরিকল্পনা রয়েছে- যুব প্রতিমন্ত্রী

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য ডা. মোঃ এনামুর রহমান ও যুব ও ক্রীড়া সচিব নুর মোহাম্মদ।

১২ জুন শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র কর্তৃক আয়োজিত 'শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র প্রতিষ্ঠার লক্ষ্য ও উদ্দেশ্য: সীমাবদ্ধতা উত্তরণের উপায় উদ্ভাবন ও বাস্তবায়ন' শীর্ষক সেমিনার সাভারস্থ যুব কেন্দ্রের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, স্থানীয় সংসদ সদস্য ডা. মোঃ এনামুর রহমান ও যুব ও ক্রীড়া সচিব নুর মোহাম্মদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জাকির আহমেদ। মূল বিষয়ের উপর আলোকপাত করে সেমিনারে কী-নোট পেপার উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক ড. কে, এম, মহিউদ্দিন। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার আগামী ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্য নিয়ে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রটিকে তথ্য প্রযুক্তি সমৃদ্ধ একটি অত্যাধুনিক যুব কেন্দ্র হিসেবে গড়ে তোলার আশ্বাস প্রদান করেন।

রাজশাহী জেলায় বিভাগীয় যুব মেলা, মতবিনিময় সভা ও "ক্ষুদ্রঋণ কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ণ" শীর্ষক আঞ্চলিক কর্মশালা

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার শুভ উদ্বোধন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেণ শিকদার

১৮ এপ্রিল রাজশাহী সিটি করপোরেশনের গ্রীণ প্লাজায় যুবমেলা ও মতবিনিময় সভা এবং "ক্ষুদ্রঋণ কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন" শীর্ষক আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার শুভ উদ্বোধন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেণ শিকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য বেগম আখতার জাহান এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি। আয়োজিত সকল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার হেলালুদ্দীন আহমেদ এবং মেলার সমন্বয়কের দায়িত্ব পালন করেন পরিচালক (প্রশিক্ষণ) মোঃ আব্দুর রাজ্জাক।

কর্মশালায় রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলার উপ-পরিচালক/ সহকারী পরিচালক, কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর, উক্ত জেলাধীন উপজেলা কার্যালয়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ক্রেডিট সুপার ভাইজার, যুব সংগঠন, সফল আত্মকর্মী, পুরস্কারপ্রাপ্ত যুবক ও যুব মহিলাসহ মোট ২১১ জন অংশগ্রহণ করেন। সভায় স্বাগত বক্তব্য রাখেন উপ-পরিচালক মোহাঃ মতিউর রহমান। সফল আত্মকর্মী ও যুব সংগঠক হিসেবে বক্তব্য দেন- রহিমা বেগম, পবা। কর্মশালায় রাজশাহী, নওগাঁ, চাপাইনবাবগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলার উপজেলাসমূহে কর্মরত সিএসদের মধ্যে ২০১২-১৩ অর্থবছরে ঋণ বিতরণ ও খেলাপী আদায়ে সর্বোচ্চ এবং কিস্তি খেলাপী শূন্য/সর্বনিম্ন পর্যায়ে রাখতে সক্ষম সফল সিএসদের তাদের কাজের স্বীকৃতি স্বরূপ প্রধান অতিথির মাধ্যমে প্রশংসাপত্র প্রদান করা হয়। ৫দিন ব্যাপী আয়োজিত মেলায় রাজশাহী বিভাগের ৮(আট) টি জেলা থেকে আগত ৩২(বত্রিশ)টি স্টলের মাধ্যমে যুব সংগঠক এবং সফল আত্মকর্মীদের উৎপাদিত পণ্য প্রদর্শণ ও বিপননের ব্যবস্থা করা হয়। মতবিনিময় সভায় প্রশাসনিক ও আর্থিক বিষয়াদি, বাস্তবায়ন ও মনিটরিং শাখার গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা করেন মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয় আলোচনা করেন মোঃ আব্দুর রাজ্জাক, ২০১৩-১৪ অর্থবছরে রাজশাহী, নওগাঁ, চাপাইনবাবগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলার ৪৩ টি উপজেলায় বাস্তবায়িত ঋণ কার্যক্রমের পারফরমেন্স এবং ঋণ প্রতিবেদনের চিহ্নিত অসংগতি বিষয়ে উপজেলাওয়ারি আলোচনা করেন এ কে এম মফিজুল ইসলাম, উপ-পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) এবং মোঃ শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)।

"কবুতর পালন" বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এম,পি "কবুতর পালন" বিষয়ক প্রশিক্ষণ কোর্সে বক্তব্য রাখছেন

২৭ এপ্রিল যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এম,পি মাগুরা জেলা কার্যালয়ের আওতায় পরিচালিত "কবুতর পালন" বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে মাগুরা জেলা প্রশাসক মাসুদ আহমদ এবং পুলিশ সুপার মোঃ জিহাদুল কবীর বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভপতিত্ব করেন মোঃ রিয়াজুল আলম খান উপ-পরিচালক (চঃদাঃ)। প্রশিক্ষণার্থী যুব, কবুতর পালন সোসাইটির সাধারণ সম্পাদক, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রশান্তকুমার দে, ডেপুটি কো-অর্ডিনেটর, মাগুরা যুব প্রশিক্ষণ কেন্দ্র এ,কে,এম আহসানুল কবীর, সাবেক উপজেলা চেয়ারম্যান মাগুরা সদর উপজেলা পরিষদ আবু নাসির বাবলু, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কালাচাঁদ সিংহ এবং পুলিশ সুপার মোঃ জিহাদুল কবীর উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন। প্রধান অতিথি যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এমপি তার বক্তব্যে অত্যন্ত লাভজনক কবুতর পালন ট্রেডে প্রশিক্ষণ শেষে খামার স্থাপনের পরামর্শ দেন। এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তর সার্বিক সহায়তা প্রদান করবে বলে আশ্বাস দেন।

নেত্রকোণায় ঢাকা বিভাগীয় আঞ্চলিক কর্মশালা

উপমন্ত্রী আরিফ খান জয় কে ক্রেস্ট প্রদান করছেন পরিচালক (দাঃবিঃ ও ঋণ) এরশাদ-উর রশীদ

২০ মে নেত্রকোণা পাবলিক হল মিলনায়তনে ঢাকা বিভাগীয় আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপমন্ত্রী আরিফ খান জয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি, পরিচালক, প্রশাসন ও অর্থ (চঃদাঃ) গোলাম মেজবাহ উদ্দিন ও পরিচালক (দাঃবিঃ ও ঋণ) এরশাদ-উর রশীদ। সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোঃ আবুল কালাম আজাদ।

অনুষ্ঠানের প্রধান অতিথি নারী সমাজকে নিয়ে দেশ ও সমাজের সাথে কাজ করে এগিয়ে যাওয়ার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি কর্মশালার সাফল্য কামনা এবং শুভ উদ্বোধন ঘোষণা করেন।

যুব ভবনে "যুব নেতৃত্ব বিকাশ ও সংগঠন ব্যবস্থাপনা" বিষয়ক কর্মশালা

উপমন্ত্রী আরিফ খান জয় একজন যুবসংগঠককে সনদপত্র প্রদান করছেন

২৮ মে যুব ভবনের সম্মেলন কক্ষে বাংলাদেশ জাতীয় যুব কাউন্সিল (স্বেচ্ছাসেবী যুব সংগঠন সমূহের জাতীয় সমন্বয়কারী সংস্থা) কর্তৃক "যুব নেতৃত্ব বিকাশ ও সংগঠন ব্যবস্থাপনা" বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আব্দুল হাই সিকদার। বিশেষ অতিথি ছিলেন জাতীয় প্রেস ক্লাবের ভারপ্রাপ্ত সম্পাদক কাদের গনি চৌধুরী।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপমন্ত্রী আরিফ খান জয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলিন মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি। কর্মশালায় সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় যুব কাউন্সিলের সভাপতি মাকসুদ আহমেদ চৌধুরী।

যুব ভবনে ন্যাশনাল সার্ভিস এবং আবর্তক ক্ষুদ্র ঋণ (আত্মকর্মসংস্থান) কর্মসূচির প্রভাব মূল্যায়ণ সম্পর্কিত সেমিনার অনুষ্ঠিত

৩০ জুন প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের ন্যাশনাল সার্ভিস এবং আবর্তক ক্ষুদ্র ঋণ (আত্মকর্মসংস্থান) কর্মসূচির প্রভাব মূল্যায়ণ সম্পর্কিত গবেষনার খসড়া প্রতিবেদন বিষয়ে সেমিনার আয়োজন করা হয় যুব ও ক্রীড়া সচিব নূর মোহাম্মদ।

গোপালগঞ্জ ও বরগুনা জেলার ন্যাশনাল সার্ভিস বিষয়ে গবেষণা উপস্থাপন করেন বার্ড এর পরিচালক (গবেষণা) এস, জে আনোয়ার জাহিদ। কুড়িগ্রাম জেলার প্রতিবেদন উপস্থাপন করেন আর ডি,এ বগুড়ার প্রটোকল অফিসার মোঃ শফিকুর রশীদ ও আবদুল্লাহ আল মামুন (যুগ্ম পরিচালক)। আলোচনায় অংশগ্রহণ করেন যুগ্ম সচিব মীর খুরশীদ আনোয়ার, পরিচালক (ন্যাশনাল সার্ভিস) মোঃ আবুল হাছান খান, গবেষক (এসটিইএসপি) শামীম আহমেদ, প্রকল্প পরিচালক শিশির কুমার রায়, পরিচালক, বাস্তবায়ন (চঃদাঃ) গোলাম মেজবাহ উদ্দিন, পরিচালক (প্রশাসন ও অর্থ) শফিকুল করিম। মুক্ত আলোচনায় অংশ নেন উপ-পরিচালক মোঃ রবিউল আলম, মোঃ আবদুল হামিদ খান, শরীফুল ইসলাম ও হামিদুর রহমান। ২য় পর্বে আবর্তক ক্ষুদ্রঋণ (আত্মকর্মসংস্থান) কর্মসূচির প্রভাব মূল্যায়ণ সম্পর্কিত গবেষণার খসড়া উপস্থাপন করেন বি আইডি এস এর সিনিয়র রিসার্স ফেলো ড. এম.এ মান্নান। আলোচক হিসেবে অংশ নেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মঞ্জুরুল কাদের, পরিচালক (দাঃবিঃ ও ঋণ) এরশাদ উর রশীদ, যুগ্ম পরিচালক (বিআরডিবি) আকবর হোসেন, পরিচালক (প্রশিক্ষণ) আব্দুর রাজ্জাক। র‍্যাপোটিয়ার এর দায়িত্ব পালন করেন উপ-পরিচালক (ন্যাশনাল সার্ভিস কর্মসূচি) অসিত কুমার সূত্রধর এবং উপ-পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) এ,কে,এম মফিজুল ইসলাম। মহাপরিচালক জাকির আহমেদ (যুগ্ম সচিব) তার বক্তব্যে ২ বছর পর কতজন সরকারি বা বেসরকারি পর্যায়ে চাকুরি পেয়েছেন তা গবেষণায় অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান এবং গবেষণা সংস্থাসহ সকলকে ধন্যবাদ জানান।

সেমিনারের প্রধান অতিথি সচিব নূর মোহাম্মদ বলেন যুব উন্নয়ন অধিদপ্তরের কাজ যুবদের ক্ষমতায়ন করা। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি দীর্ঘ মেয়াদে সমাজে সুফল বয়ে আনবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সেমিনারের প্রধান অতিথি যুব ও ক্রীড়া সচিব নূর মোহাম্মদ বক্তব্য প্রদান করছেন

নওগাঁয় যুব প্রশিক্ষণ কেন্দ্রে সমাপনী অনুষ্ঠান

৬ এপ্রিল নওগাঁ যুব প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত ১ মাস ১৫ দিন ব্যাপী " গবাদি পশু ও হাঁস মুরগী পালন, মৎস্য চাষ বিষয়ক প্রাথমিক চিকিৎসা ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণের ৬২তম ব্যাচের সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ এস,এম, নুরুজ্জামান মন্ডল। নওগাঁ যুব প্রশিক্ষণ কেন্দ্রের ডেপুটি কো-অর্ডিনেটর জামিল চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপ-পরিচালক (চঃদাঃ) মচির আহম্মেদ মজুমদার, সিনিয়র প্রশিক্ষক ধনরঞ্জন রায় এবং প্রশিক্ষণার্থী মাসুদুর রহমান। পরিশেষে প্রধান অতিথি ৬০ জন প্রশিক্ষণার্থীর মাঝে সনদপত্র বিতরণ করেন।

বিভিন্ন জেলায় যুব মেলা আয়োজিত

প্রধান অতিথি প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ মেলার স্টল পরিদর্শন করেন

কুমিল্লা ঃ শহরের প্রাণকেন্দ্র কান্দির পাড়স্থ ঐতিহাসিক টাউন হলে ১০ ও ১১ এপ্রিল দুইদিনব্যাপী যুবমেলার আয়োজন করা হয়। ১০ এপ্রিল বেলা ১১ টায় মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি প্রধান অতিথি হিসিবে উপস্থিত থেকে মেলার শুভ উদ্বোধন করেন। এ মেলায় ৩৫ টি ষ্টল স্থাপন করা হয়। জেলার নোয়াখালী, কুমিলা, ফেনী, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলা ০১টি করে ষ্টল দিয়ে মেলায় অংশগ্রহণ করে এবং বাকী ৩০টি ষ্টলে কুমিলা জেলার বিভিন্ন উপজেলা হতে আগত যুব সংগঠন ও আত্মকর্মীর উৎপাদিত পণ্য প্রর্দশিত হয়। আত্মকর্মীদের তৈরী পণ্য মেলায় আগতদের মাঝে ব্যাপক সমাদৃত হয়েছে। এ মেলা আয়োজনের অন্যতম লক্ষ্য ছিল যুব সমাজসহ আপামর জনসাধারনের মাঝে যুবদের তৈরী পণ্যের মান তুলে ধরা এবং বেকার যুবদের আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করা।

খুলনা ঃ বেকার যুবদের আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধকরণ ও তাদের উৎপাদিত পণ্য সামগ্রী প্রর্দশন ও বাজারজাতকরণের লক্ষ্যে ৭ হতে ১৩ এপ্রিল খুলনায় ৭ দিন ব্যাপী বিভাগীয় যুব মেলা জাতিসংঘ শিশু পার্কে অনুষ্ঠিত হয়। মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ৮ এপ্রিল মেলার শুভ উদ্বোধন ঘোষণা করেন।
প্রধান অতিথি ষ্টল মালিকগণের সাথে তাদের উৎপদিত পণ্যের গুণগতমান এবং তা বাজারজাতকরণ বিষয়ে মতবিনিময় করেন। সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারী বি এল কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ শফিউল্লাহ্ সরদার এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট মোঃ অজিয়র রহমান। সমাপনী অনুষ্ঠানে মেলায় অংশগ্রহণকারী স্টল সমূহের মধ্যে শ্রেষ্ঠ ০৩ টি প্রতিষ্ঠানকে/ আত্মকর্মীকে পুরস্কার দেয়া হয়। ১৩ এপ্রিল মেলার আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন উপ-পরিচালক মনিরুল ইসলাম।

মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি সহ অভ্যাগত অতিথিবৃন্দ

মেলার সমাপনী অনুষ্ঠানে উপ-পরিচালক মোঃ মোখলেছুর রহমান বক্তব্য রাখছেন

চট্রগ্রাম ঃ প্রশিক্ষিত যুব উদ্যোক্তাদের পণ্য সামগ্রীর প্রচার ও বিপণনের মাধ্যমে আত্মকর্মীদের অনুপ্রেরণা দেয়ার লক্ষ্যে আয়োজিত চট্টগ্রাম বিভাগীয় যুবমেলা ২০১৪ অনুষ্ঠিত হয়। ২১-২৩ এপ্রিল চট্টগ্রাম শিল্পকলা একাডেমী প্রাঙ্গণে অনুষ্ঠেয় যুব মেলার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি। সভাপতিত্ব করেন চট্টগ্রাম জেলার জেলা প্রশাসক মেজবাহ উদ্দিন, বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোঃ আলেফ উদ্দিন। ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে তিন দিন ব্যাপী মেলায় প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ছিল। মহাপরিচালক ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার মেলার সকল ষ্টল ঘুরে দেখেন ।

মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন) জাকির আহমেদ-এর মতবিনিময়:

যুব প্রশিক্ষণ কার্যক্রম বেগবান ও ত্বরান্বিত করার লক্ষ্যে ০৩ মে শনিবার সকাল ১০.৩০টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত যুগ্ম-সচিব (প্রশাসন) জাকির আহমেদ ব্রাহ্মণবাড়িয়ার যুব প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক (চঃদাঃ) মোঃ মোয়াজ্জেম হোসেন, ডেপুটি কো-অর্ডিনেটর মোঃ কফিল উদ্দিন, সহকারী পরিচালক মোঃ সহীদ উল্লাহ, কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার মোঃ রেজাউল করিম, যুব প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন ট্রেডের সিনিয়র প্রশিক্ষক ও প্রশিক্ষকবৃন্দ, ব্রাহ্মণবাড়িয়াস্থ ৯টি উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।
যুব প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শনকালে যুগ্ম-সচিব জাকির আহমেদ যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাগণের সাথে যুব কার্যক্রমের উপর মতবিনিময় করেন এবং তিনি বেকার যুবদের প্রশিক্ষণের উপর অধিক গুরুত্বারোপ করেন। তিনি ব্রাহ্মণবাড়িয়া জেলায় বিউটিফিকেশন, ব্লক-বাটিক এবং মডার্ণ অফিস ম্যানেজমেন্ট ও কম্পিউটার এপ্লিকেশন ট্রেড চালু করার জন্য প্রস্তাব করেন। এছাড়া তিনি যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণপ্রাপ্ত মোঃ মহফিজ মিয়ার সুলতানপুরস্থ পোল্ট্রি খামারটি পরিদর্শন করেন। মহফিজ তার খামার থেকে মার্চ, ২০১৪ মাসেই বিভিন্ন খরচ বাদ দিয়ে ব্রয়লার মুরগী বিক্রিবাবদ ৩৫,০০০/-টাকা লাভ করেছেন বলে জানান। নবীনগর উপজেলার যুব উন্নয়ন কর্মকর্তাকে এপ্রিল ২০১৪ মাসে ৭৮ জন ঋণীর কাছ থেকে ৪ লক্ষ ১ হাজার ৭শত ৩০ টাকার খেলাপী ঋণ আদায় করায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাদের বিভিন্ন সমস্যা তিনি মনোযোগ দিয়ে শুনেন এবং ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয়ের প্রশিক্ষক (পোশাক) পদটি বর্তমানে শূন্য থাকায় এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশ্বাস প্রদান করেন।

জেলা পর্যায়ে আত্মকর্মী যুবসংগঠক ও প্রশিক্ষণার্থীদের সাথে যুব কর্মকাণ্ড বিষয়ক মতবিনিময় সভা

গাজীপুর ঃ জেলা পর্যায়ে আত্মকর্মী যুবসংগঠক ও প্রশিক্ষণার্থীদের সাথে যুব কর্মকাণ্ড বিষয়ক মতবিনিময় সভা ৪ মে গাজীপুর সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় অতিরিক্ত জেলা প্রশাসক শাহনেওয়াজ দিলরুবার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জাহিদ আহসান রাসেল এমপি, গাজীপুর-২। বিশেষ অীতথি হিসেবে বক্তব্য রাখেন অসিত কুমার মুকটমণি, মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।

প্রধান অতিথি যুগোপযোগী কর্মসূচি গ্রহণ করে যুব কার্যক্রমকে আরও বেগমান করাসহ আত্মকর্মী সৃষ্টির মাধ্যমে বেকারত্ব মোচনের সর্বাত্মক উদ্যোগ গ্রহণের জন্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের আহ্বান জানান এবং অন্যান্য জেলার মত গাজীপুরে যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে বলে তিনি আশ্বাস প্রদান করেন।

সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জাহিদ আহসান রাসেল এমপি মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন

ব্রাহ্মণবাড়িয়া ঃ ২৮ মে উপ-পরিচালকের কার্যালয়ে, ব্রাহ্মণবাড়িয়ার সফল আত্মকর্মী, যুব সংগঠক ও প্রশিক্ষণার্থীদের সাথে যুব কর্মকাণ্ড বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমা বেগম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা) আবুল হাছান খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোঃ নুরুল আবছার চৌধুরী ও তথ্য কর্মকর্তা তারিক মোহাম্মদ। সভায় স্বাগত বক্তব্য রাখেন উপ-পরিচালক (চঃদাঃ) মোয়াজ্জেম হোসেন।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমা বেগম বক্তব্য রাখছেন। উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা) আবুল হাছান খান।

মাদারীপুর ঃ ২ জুন মাদারীপুর জেলায় যুব মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক জি,এসএম জাফর উল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক ১১টি (যুব প্রশিক্ষণ স্থাপন প্রকল্প) মোঃ নবীরুল ইসলাম, জেলা মৎস্য কর্মকতা মোঃ আব্দুস সালাম, জেলা তথ্য কর্মকর্তা, দীপঙ্কর কর, উপপরিচালক (চঃদাঃ) শেখ মোঃ নাসির উদ্দিন। ডেপুটি কো-অর্ডিনেটর রাকিবুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং সফল আত্মকর্মী যুবক ও যুব মহিলা, যুব সংগঠকসহ প্রশিক্ষণ প্রাপ্ত যুব।

প্রধান অতিথি জেলা প্রশাসক জি,এসএম জাফর উল্লাহ ও প্রকল্প পরিচালক মোঃ নবীরুল ইসলাম ও অন্যান্যরা

ঠাকুরগাঁও ঃ ২২ মে ঠাকুরগাঁওয়ে প্রশিক্ষিত সফল আত্মকর্মী ও যুবসংগঠকদের সমন্বয়ে সেমিনার যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্রে এই সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মুকেশ চন্দ্র বিশ্বাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রকল্প পরিচালক নজরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ সেমিনারে ২ শতাধিক যুবক ও যুব মহিলা অংশ নেয়।

দিনব্যাপী কর্মশালায় উপস্থিত বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ বক্তব্য রাখেন এবং মুক্ত আলোচনায় অংশ নেন জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত চন্দনা ঘোষ। তিনি তার বক্তব্যে বলেন, বাংলাদেশ ব্যাংক এসএমই ঋণ বন্ধক/ জামানতবিহীনভাবে ঋণ প্রদান করে, সেই ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ও কর্মসংস্থান ব্যাংকের ঋণ জামানতহীনভাবে শুধুমাত্র প্রশিক্ষণ সনদটি বন্ধক রেখে দেয়া যেতে পারে।

প্রকল্প পরিচালক নজরুল ইসলাম সভাপতির বক্তব্য প্রদান করছেন

খুলনা ঃ ৮ এপ্রিল খুলনা বিভাগের ০৬টি জেলার (খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, নড়াইল ও চুয়াডাংগা) "যুব সংগঠক, সফল আত্মকর্মী, যুব পুরস্কারপ্রাপ্ত যুবক/ যুব মহিলা, জেলা, উপজেলা কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের সমন্বয়ে "যুব ঋণ কর্মসূচি গতিশীলকরণ বিষয়ক মতবিনিময় এবং ঋণ কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ণ শীর্ষক" আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। যুব পুরস্কারপ্রাপ্ত যুবক ও যুব মহিলা অংশগ্রহণ করেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) এরশাদ- উর- রশীদ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আনিস মাহমুদ। অনুষ্ঠানের ২য় পর্বে পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) ঋণ কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন নির্দেশনা প্রদান করেন এবং ০৬ টি জেলার ঋণ কার্যক্রমের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

মুন্সীগঞ্জ ঃ ২ জুন মুন্সীগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে যুব সংগঠনের সদস্যবৃন্দ, বিভিন্ন প্রশিক্ষণ ট্রেডের প্রশিক্ষণার্থীবৃন্দ, আত্মকর্মী, বিভিন্ন পর্যায়ের স্থানীয় নেতৃবৃন্দ এবং জেলা পর্যায়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তা/ কর্মচারীদের উপস্থিতিতে এক যুব মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, মোঃ সাইফুল হাসান বাদল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোঃ জাকির হোসেন মজুমদার। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাগরিকা নাসরীন, প্রেস ক্লাব এর সভাপতি নাসির উদ্দিন উজ্জল। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন উপ-পরিচালক এস এম কামরুল হাসান।

মতবিনিময় সভায় বক্তব্য প্রদান করেন উপ-পরিচালক এস এম কামরুল হাসান।

E-learning for Youth Development

৩ জুন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে "E-learning for Youth Development" শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মীর খুরশীদ আনোয়ার এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ। অনুষ্ঠানে কী নোট উপস্থাপন করেন মেকউইয়াডন এডুকেশন (ইউএসএ) এর প্রতিষ্ঠাতা প্রফেসর ড. বদরুল হুদা খান ।

প্রতিষ্ঠাতা প্রফেসর ড. বদরুল হুদা খান কে ক্রেস্ট প্রদান করছেন মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি

যশোর ঃ ২ জুন যশোর জেলায় আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে "যুব প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ ও আত্মকর্মসংস্থান বিষয়ক কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য মত বিনিময়" সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ম্যানেজার (কর্মসংস্থান ব্যাংক) রামকৃষ্ণ নাথ, সহকারী পরিচালক (জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো) রাহেনুল ইসলাম ও রেজিস্ট্রেশন অফিসার সমাজসেবা মোঃ রেজাউল করিম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপপরিচালক এ,টি,এম, গোলাম মাহবুব (চঃদাঃ)। সফল আত্মকর্মী, প্রশিক্ষিত যুব, যুব সংগঠক এবং জেলা কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র ও সদর উপজেলা কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগসহ মোট ১৬০ জন সেমিনারে অংশগ্রহণ করেন।

জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজুর রহমান বক্তব্য প্রদান করছেন

বরিশাল ঃ বরিশাল জেলা কার্যালয় কর্তৃক ১২ জুন জেলার নির্বাচিত যুব সংগঠন, সফল আত্মকর্মী যুব ও যুব মহিলা, জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত এবং প্রশিক্ষণার্থী যুবক ও যুব মহিলাদের নিয়ে চলমান যুব কার্যক্রম বাস্তবায়ন, নতুন কর্মসূচি গ্রহণ ও তা সফল করতে পারস্পারিক সহযোগিতা ও বাধাসমূহ দূরীকরণার্থে কি কি পদক্ষেপ গ্রহণ করা যায় এ বিষয়ে ১১০ জন যুব ও যুব মহিলার অংশগ্রহণের মাধ্যমে যুব মতবিনিময় সভার আয়োজন করা হয়। যুব মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (যুগ্ম সচিব) মোঃ বিল্লাল হোসেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা, মোঃ গোলাম মোস্তফা।

বগুড়ায় গবাদিপশু হাঁসমুরগী পালন, মৎস্যচাষ প্রশিক্ষণ কোর্সের সনদপত্র বিতরণ

৭ এপ্রিল রোববার সকাল ১০টায় বেকার যুবদের প্রশিক্ষিত, দক্ষ জনশক্তি গড়ে তোলা ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাধীন বগুড়া যুব প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত ২ মাস ১৫ দিন ব্যাপী "গবাদিশু হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্যচাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন বিয়াম ফাউন্ডেশন বগুড়ার পরিচালক (উপ-সচিব) তাহমিদুল ইসলাম। বগুড়া যুব প্রশিক্ষণ কেন্দ্রের ডেপুটি কো-অর্ডিনেটর ইস্রাফীল হক এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-পরিচালক (চঃদাঃ) বিরাজ চন্দ্র সরকার।

প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন বিয়াম ফাউন্ডেশন বগুড়ার পরিচালক (উপ-সচিব) তাহমিদুল ইসলাম

যুব সংগঠনের "ট্রাফিক আইন মেনে চলুন দুর্ঘটনা এড়িয়ে চলুন" শীর্ষক গৃহিত কর্মসূচি

২৮ জুন ঢাকা ইয়ুথ সার্কেল ওয়েলফেয়ার অর্গানাইজেশন এর উদ্যেগে সকাল ৯টা হতে বিকাল ৪ টা পর্যন্ত লোহারপুল চেকপোষ্টের সামনে সংগঠনের উদ্যেগে "ট্রাফিক আইন মেনে চলুন দুর্ঘটনা এড়িয়ে চলুন" এই শ্লোগানকে সামনে রেখে দুর্ঘটনা এড়াতে গাড়ীর হেড লাইটের উপরের অংশ কালো রংকরণ কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তর ঢাকা জেলা কার্যালয়ের উপ-পরিচালক এ,কে,এম কায়সার আলী। কর্মসূচির সার্বিক পরিচালনার দায়িত্বে ছিলেন সংগঠনের সভাপতি মোহাম্মদ আরজু হোসেন। দিনব্যাপী এই কর্মসূচিতে প্রায় ৫০০ (পাচঁ শতাধিক) গাড়ীর হেড লাইটের উপরের অংশ কালো রং করে দেওয়া হয়।

যোগদান ঃ

মোহাম্মদ শফিকুল করিম, পরিচালক (প্রশাসন ও অর্থ) পদে ২৩ জুন খ্রিঃ তারিখ যোগদান করেন। ইতিপূর্বে তিনি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে (উপ-সচিব) পদে দায়িত্ব পালন করেছেন।

যুব পরিবারের সফলকথা

মোঃ সাজ্জাদ হোসেন (শাওন) ঃ ২০১৪ সালের এস,এস,সি পরীক্ষায় ঢাকা বোর্ডের অধীনে গভঃম্যান্ট ল্যাবরেটরী হাইস্কুল এন্ড কলেজ, ধানমন্ডি হতে বিজ্ঞান বিভাগে জি,পি,এ ৫ পেয়েছে। সে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের অডিট এন্ড একাউন্টস, অফিসার মোঃ শাহাদাত হোসেন ও উম্মে কুলছুম (লায়লা) এর জ্যেষ্ঠপুত্র। সে সকলের দোয়া প্রার্থী।

মোঃ সাইদুজ্জামান (শোভন) ঃ ২০১৪ সালের এস,এস,সি পরীক্ষায় ঢাকা বোর্ডের অধীনে মুড়াপাড়া পাইলট হাই স্কুল, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ হতে বিজ্ঞান বিভাগে জিপিএ ৫ পেয়েছে। সে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর মোঃ নাসির উদ্দীন ভূঞা ও মোসাম্মদ শেফালী আক্তার এর জ্যেষ্ঠপুত্র। সে সকলের দোয়া প্রার্থী।

দেওয়ান শামসুন নাহার ঃ বালিয়াটি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় সাটুরিয়া থেকে প্রাথমিক সমাপনী পরীক্ষায় ২০১৩ সালে অংশগ্রহণ করে জিপিএ ৫ পেয়ে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে। সে সাটুরিয়া, মানিকগঞ্জ এর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দেওয়ান তোফায়েল হোসেন ও লুৎফুন নাহার এর কন্যা। শামসুন নাহার সকলের দোয়া প্রার্থী।

পূজা রানী সাহা ঃ ২০১৩ সালে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে এস সি) পরীক্ষায় শ্রীমঙ্গল সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় থেকে গোল্ডেন জিপিএ সহ টেলেন্টপুলে বৃত্তি পেয়েছে এবং ২০১০ সালে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেও সে টেলেন্টপুলে বৃত্তি পেয়েছে। পূজা মৌলভীবাজার জেলাধীন শ্রীমঙ্গল উপজেলায় কর্মরত ক্রেডিট সুপার ভাইজার বিকাশ চন্দ্র সাহা এবং মিসেস আলো রানী সাহার জ্যেষ্ঠা কন্যা। পূজা সকলের দোয়া প্রার্থী।

মোঃ মাহমুদুল হাসান ঃ ২০১৩ সালে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় নোয়াখালী মাইজদী অরুন চন্দ্র প্রাইমারী স্কুল হতে অংশগ্রহণ করে জিপিএ -৫ সহ বৃত্তি পেয়েছে। সে নোয়াখালী জেলায় কর্মরত উচ্চমান সহকারী মোঃ আবদুল হাই চৌধুরী ও প্রাইমারী স্কুলের শিক্ষিকা মিসেস জহুরা খাতুন এর পুত্র।

মুমতাহিন চৌধুরী সিফাত ঃ ২০১৪ সালে অনুষ্ঠিত এস,এস,সি পরীক্ষায় নোয়াখালী জেলা স্কুল থেকে অংশগ্রহণ করে গোল্ডেন জিপিএ -৫ পেয়েছে। সে নোয়াখালী জেলার জুনিয়র প্রশিক্ষক (পোষাক) বেগম ফেরদৌসী আক্তার ও বেগমগঞ্জ উপজেলার সহকারী কৃষি অফিসার এ,টি,এম শহিদ উল্যা চৌধুরী এর কনিষ্ঠ পুত্র। মুমতাহিন সকলের দোয়া প্রার্থী।

শোক সংবাদ

এ,কে,এম মাহমুদুর রহমান ঃ উপ-পরিচালক শেরপুর জেলা কার্যালয় ১৯ জুন হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে .... রাজেউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫০ বছর। তিনি স্ত্রী, দুই কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

মোঃ রবিউল ইসলাম ঃ ক্রেডিট সুপার ভাইজার চৌগাছা উপজেলা কার্যালয়, যশোর ২২ জুন রাতে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে .... রাজেউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫২ বছর। তিনি স্ত্রী, দুই কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

হরেন্দ্র চন্দ্র দাস ঃ ক্রেডিট সুপার ভাইজার ঈশ্বরদী উপজেলা কার্যালয়, পাবনা গত ২২ মে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে .... রাজেউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৫ বছর। তিনি স্ত্রী, ১ ছেলে ১ কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

মোঃ রফিকুল ইসলাম ঃ ক্রেডিট সুপার ভাইজার চৌহালী, সিরাজগঞ্জ ৫ জুন হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে .... রাজেউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫২ বছর। তিনি অনেক গুণগ্রাহী রেখে গেছেন।

গৌতম কুমার বসু ঃ ক্রেডিট সুপার ভাইজার, নড়াইল সদর ১৭ জুন হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে .... রাজেউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৬ বছর। তিনি স্ত্রী, এক ছেলে, বৃদ্ধা মাসহ অনেক গুণগ্রাহী রেখে গেছেন।

যুব উন্নয়ন অধিদপ্তরের সঙ্গে এলডিপি'র কর্মসূচি

কাউন্টারপার্ট ইন্টারন্যাশনাল এর লিডারশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এলডিপি)'র লক্ষ্য হলো তৃণমূল পর্যায়ে ইয়্যুথ এবং কমিউনিটি লিডার তৈরি করা যাতে তারা দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান তৈরি, পরিবেশ রক্ষাণাবেক্ষণ এবং অন্যান্য সামাজিক উন্নয়নে অধিপরামর্শক হিসেবে কাজ করতে পারে। ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় এ প্রকল্প বাংলাদেশের চারটি বিভাগের ১৬টি জেলায় মোট ২৪,০০০ হাজার কমিউনিটি লিডার যাদের মধ্যে নির্বাচিত জনপ্রতিনিধি, গণমাধ্যম সদস্য, ধর্মীয় নেতা, অন্যান্য পেশাজীবী এবং ১৮ থেকে ৩৫ বছর বয়সী যুব নেতাগণ সরাসরি সম্পৃক্ত রয়েছেন।

বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে অংশীদারিত্বের মাধ্যমে মাঠ পর্যায়ে অধিকতর কার্যকরভাবে এ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে গত ৩১ শে জানুয়ারী ২০১৩ইং তারিখে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে যুব উন্নয়ন অধিদপ্তর ও এলডিপি'র বাস্তবায়নকারী সংস্থাসমূহ পারস্পারিরক সহযোগিতার ভিত্তিতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। ফলে প্রকল্পের আওতাধীন নির্বাচিত যুব নেতাগণ এলডিপি এবং যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান ও দক্ষতাসমূহকে অধিকতর কার্যকরভাবে কাজে লাগাতে সক্ষম হচ্ছেন। ইয়্যুথ লিডারগণ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত সভা, সেমিনার, ওরিয়েন্টেশন ও ক্যাম্পেইন কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে বিভিন্ন পর্যায়ের প্রদত্ত সরকারি সেবাসমূহ এবং সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সাথে পরিচিত হওয়ার সুযোগ পাচ্ছেন।

এতে করে যুবদের উন্নয়নের ক্ষেত্রে তাদের বিভিন্ন সমস্যা ও সুযোগসমূহের বিষয়গুলো তুলে ধরার মাধ্যমে যুব নেতাগণ কমিউনিটি পর্যায়ে ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ গ্রহণ করতে সক্ষম হচ্ছেন। যুব নেতাগণ তাদের নেটওয়ার্কিং পরিধি বিস্তৃতি করার মাধ্যমে নিজেদের মধ্যে পারস্পারিক দক্ষতা বিনিময় ও সহযোগিতা জোরদার করছেন। ফলে নিজেদের উন্নয়ন উদ্যোগসমূহের কার্যকারিতা ও স্থায়ীত্বশীলতা বৃদ্ধি পাচ্ছে যা ইতিমধ্যে কমিউনিটি পর্যায়ে উন্নয়নের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখছে।

যুবদের উন্নয়নে কাউন্টারপার্ট ইন্টারন্যাশনাল যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে পারস্পারিক সহযোগিতামূলক কার্যক্রমসমূহ ভবিষ্যতেও অব্যাহত রাখার চেষ্টা করবে।

†mŠR‡b¨:

USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

COUNTERPART INTERNATIONAL